# সিটি কর্পোরেশন হোল্ডিং ট্যাক্স




- সরকার এবং স্থানীয় সরকার প্রতিষ্ঠানগুলো নির্দিষ্ট বিধি-বিধানের আলোকে অবকাঠামো উন্নয়নসহ অন্যান্য সরকারি সেবাসমূহ তাদের নিজ নিজ এখতিয়ার অনুযায়ী প্রদান করে থাকে।
- স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) কেবল সরকার থেকে প্রাপ্ত তহবিল দিয়ে সেবা প্রদান করে না, বরং নিজস্ব আয় হতেও সেবা প্রদান করে থাকে।
- সিটি কর্পোরেশনের নিজস্ব আয়ের সবচেয়ে গুরুত্বপূর্ণ উৎস হচ্ছে হোল্ডিং ট্যাক্স।

হোল্ডিং ট্যাক্স



## হোল্ডিং ট্যাক্স

- করারোপণ বিধিমালায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী করের ধরণের ভিত্তিতে কর হার প্রয়োগ করে হোল্ডিং ট্যাক্স নির্ধারণ করা হয়।

**মোট শতকের হার**

- ইমারত ও জমির উপর কর
- ময়লা নিষ্কাশন রেইট
- সড়কবাতি রেইট
- স্বাস্থ্য কর
- পানি রেইট (ওয়াসা ব্যতিত সিটি কর্পোরেশন)

= **কর হার**



করারোপণ বিধিমালা

**ইমারত ও জমি (হোল্ডিং)**

**মোট বার্ষিক মূল্য - ছাড়**

= **কর ভিত্তি**



# হোল্ডিং ট্যাক্স মূল্যায়ন ও বিল

■ হোল্ডিং ট্যাক্সের মূল্যায়নকৃত পরিমাণের উপর ভিত্তি করে সিটি কর্পোরেশন আর্থিক বছরের শুরুতে হোল্ডিং মালিকদের নিকট বিল প্রেরণ করে।

**মূল্যায়ন**

- **৫ বছর অন্তর অন্তর**
  → **নির্দিষ্ট সময় পর মূল্যায়ন**
  -- বিদ্যমান ভবনের জন্য
- **৫ বছরের মধ্যে**
  → **নিয়মিত মূল্যায়ন**
  -- নবনির্মিত বা সম্প্রসারিত ভবনের জন্য

**প্রকাশনা**

- করদাতাদের অবহিত করার জন্য মূল্যায়ন তালিকা প্রকাশ

**বিল**

- আর্থিক বছরের শুরুতে ত্রৈমাসিক ভিত্তিতে মোট ৪টি বিল প্রস্তুতকরণ

**করদাতাদের নিকট বিতরণ**

**প্রয়োজনে করদাতা কর্তৃক আপিল**



# হোল্ডিং ট্যাক্সের পরিমাণ নির্ধারণ করা

■ সিটি কর্পোরেশন নিম্নে বর্ণিত পদ্ধতিতে হোল্ডিং ট্যাক্সের পরিমাণ নির্ধারণ করে থাকে।

**যে ভবন মালিক নিজে ব্যবহার করেন**

(১) ভবনের বার্ষিক মূল্য **মূল্যায়ন** (সাধারণত ভবনের বার্ষিক ভাড়া মূল্যায়ন করে অথবা করারোপণ বিধিমালা অনুযায়ী অন্য কোন পদ্ধতিতে)

(২) ভবনের বার্ষিক ভাড়া মূল্য থেকে (ক) রক্ষণাবেক্ষণ ব্যয় (সাধারণত ভবনের **২ মাসের** ভাড়া মূল্য) এবং (খ) ভবনের অবশিষ্ট ভাড়া মূল্যের **৪০% বাদ দেয়া**

(৩) **করের ভিত্তি** হিসাব করা
= (১) - (২)

(৪) **করের ভিত্তি**-র উপর সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত **কর হার** প্রয়োগ
→ **হোল্ডিং ট্যাক্সের পরিমাণ** নির্ধারণ

**ভাড়া দেয়া ভবন**

ভবন ভাড়া দেয়া হলে অতিরিক্ত ৪০% ছাড় প্রযোজ্য নয়

**"কর প্রদানের ক্ষমতা"**
করারোপণের মূলনীতি

## করদাতা কর্তৃক হোল্ডিং ট্যাক্স পরিশোধ

■ হোল্ডিং ট্যাক্স নির্ধারিত সময়ে বা অগ্রিম পরিশোধ করলে করদাতা নিম্মোক্ত ছকে বর্ণিত হারে কর **ছাড়** পাবেন।

**ট্যাক্স বিল**

⬇

**ট্যাক্স পরিশোধ**

- ব্যাংক, মোবাইল-ব্যাংকিং অ্যাপস অথবা সিটি কর্পোরেশন নির্ধারিত অন্য কোন পদ্ধতিতে

| পরিশোধের সুযোগ | ছাড় |
|---|---|
| ▪ প্রতি চলতি ত্রৈমাসিকে পরিশোধের ক্ষেত্রে | ৫% |
| ▪ যেকোন ২টি বা ৩টি ত্রৈমাসিকের কর অগ্রিম পরিশোধের ক্ষেত্রে | ৭.৫% |
| ▪ বার্ষিক কর অগ্রিম পরিশোধের ক্ষেত্রে | ১০% |




**যদি চলতি বছরের মধ্যে ট্যাক্স পরিশোধ করা না হয়**

- ১৫% **সারচার্জ** আরোপিত হবে

**যদি নির্দিষ্ট সময়ের পর ট্যাক্স পরিশোধ করা না হয়**

- করদাতার নাম **খেলাপি** হিসেবে প্রদর্শিত হবে
- তারপরও যদি করদাতা কর পরিশোধ না করে, তাহলে তার অস্থাবর সম্পত্তি **বাজেয়াপ্ত ও বিক্রি** করা হবে



# আমাদের কর, আমাদের উন্নয়ন










# রংপুর সিটি কর্পোরেশন-এর
# হোল্ডিং ট্যাক্স মূল্যায়ন পদ্ধতি

| হোল্ডিং ট্যাক্সের উপাদান | কর হার/রেইট (%) |
|---|---|
| ইমারত ও জমির উপর কর | ৭% |
| ময়লা নিষ্কাশন রেইট | ৭% |
| সড়কবাতি রেইট | ৩% |
| পানি রেইট | ৩% |
| **মোট** | **২০%** |

যদি আপনার হোল্ডিংটি আবাসিক হয় ও নিজে ব্যবহার করেন এবং এর নির্মাণ খরচ ৩০,০০,০০০ টাকা হয় তবে, কর ভিত্তি হিসাবের জন্য আপনার হোল্ডিং এর **বার্ষিক মূল্য** হবে **১,০৫,০০০ টাকা** এবং **হোল্ডিং ট্যাক্স** এর পরিমাণ হবে বার্ষিক **২১,০০০ টাকা**।

হোল্ডিং ট্যাক্স যেভাবে নির্ধারণ করা হয় তা নিম্নে বর্ণনা করা হলো:

| করের ভিত্তি হিসাব | উদাহরণসহ ব্যাখ্যা |
|---|---|
| **বার্ষিক মোট মূল্য**<br>(হোল্ডিং এর বার্ষিক মোট মূল্য ধার্য করা হয় যেভাবে) | হোল্ডিং এর বার্ষিক মোট মূল্য, হোল্ডিং এর প্রাক্কলিত নির্মাণ ব্যয়ের ৭% হিসাবে নির্ধারন করা হয়। ভবনের মোট মেঝের আয়তন (ফ্লোর এরিয়া) এবং পূর্বনির্ধারিত (আদর্শ) ইউনিট প্রতি নির্মাণ খরচের উপর ভিত্তি করে একটি হোল্ডিং এর নির্মাণ খরচ প্রাক্কলন করা হয়।<br>যেমন, ২,০০০ বর্গফুট মেঝে বিশিষ্ট একটা ভবনের প্রতি বর্গফুট নির্মাণ খরচ যদি ১,৫০০ টাকা হয়, তবে প্রাক্কলিত নির্মাণ খরচ,<br>২,০০০ বর্গফুট X ১,৫০০ টাকা = ৩০,০০,০০০ টাকা<br>অতএব, **বার্ষিক মোট মূল্য:** ৩০,০০,০০০ টাকা X ৭% **= ২,১০,০০০ টাকা** |
| **ছাড়**<br>(যেসকল বিষয়ে এবং যেভাবে ছাড় দেয়া হয়) | ছাড়-১: রক্ষণাবেক্ষণ ব্যয়, বার্ষিক মোট মূল্যের ১/৬ অংশ,<br>২,১০,০০০ টাকা এর ১/৬ অংশ = ৩৫,০০০ টাকা<br>ছাড়-২: মালিক নিজে ভবন ব্যবহার করলে, ভবনের বার্ষিক ভাড়া মূল্য থেকে রক্ষণাবেক্ষণ ব্যয় বাবদ অর্থ ছাড় দেওয়ার পর অবশিষ্ট ভাড়া মুল্যের উপর আরও ৪০% ছাড়,<br>(২,১০,০০০ টাকা - ৩৫,০০০ টাকা) X ৪০% = ৭০,০০০ টাকা<br>**মোট ছাড়ঃ** (ছাড়-১) + (ছাড়-২) = ৩৫,০০০ টাকা + ৭০,০০০ টাকা = **১,০৫,০০০ টাকা** |
| **বার্ষিক মূল্য (কর ভিত্তি)**<br>(রক্ষণাবেক্ষণ ব্যয় ও ভবন মালিকের নিজস্ব ব্যবহারের জন্য ছাড় দেয়ার পর) | **বার্ষিক মূল্য =** বার্ষিক মোট মূল্য - মোট ছাড়<br>**=** ২,১০,০০০ টাকা - ১,০৫,০০০ টাকা<br>= **১,০৫,০০০ টাকা (কর ভিত্তি)** |
| **বার্ষিক হোল্ডিং ট্যাক্স এর পরিমাণ** | অতএব, **২০% কর হারে** আপনার বার্ষিক **হোল্ডিং ট্যাক্স** এর পরিমাণ হবে,<br>১,০৫,০০০ টাকা X ২০% = **২১,০০০ টাকা** |

নোট ১: মেঝের আয়তন (ফ্লোর এরিয়া) অনুযায়ী ভাড়া হিসাব করা হয় এবং প্রতি বর্গফুটের ভাড়া সিটি কর্পোরেশন কর্তৃক নির্ধারিত হয়। এলাকা ও ভবনের ধরণ অনুযায়ী প্রতি বর্গফুটের ভাড়ার হার পরিবর্তিত হয়।

নোট ২: ভবন নির্মাণ বা এপার্টমেন্ট ক্রয়ের উদ্দেশ্যে যদি কোনো তফসিলি ব্যাংকের নিকট উক্ত আবাসিক হোল্ডিংয়ের ভূমি/ ভূমিসহ স্থাপনা বন্ধক রাখা হয়, তবে উক্ত ঋণের বার্ষিক সুদ হোল্ডিংটির বার্ষিক মোট মূল্য হতে বাদ দিয়ে বার্ষিক মূল্য (কর ভিত্তি) ধার্য করা হয়।

নোট ৩: যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা, খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা, মৃত যুদ্ধাহত বীর মুক্তিযোদ্ধা পরিবার, মৃত খেতাবপ্রাপ্ত বীর মুক্তিযোদ্ধা পরিবার, ও শহীদ বীর মুক্তিযোদ্ধা পরিবার নিজস্ব পুরো বাড়ির হোল্ডিং ট্যাক্স মওকুফ পাবেন, এবং সাধারণ মুক্তিযোদ্ধারা নিজস্ব বাড়ির ১,৫০০ বর্গফুট পর্যন্ত ট্যাক্স মওকুফ পাবেন।

# ২০১৯-২০২০ অর্থ বছরের বার্ষিক মুল্যায়ন নির্ধারণী হারের তালিকা (টাকায়)

| ক্রমিক নং | স্থাপনার বিবরন | গড় নির্মাণ ব্যয় (২০১৪-২০১৫) | গড় নির্মাণ ব্যয় (৩৫% বৃদ্ধি) (২০১৪-২০২৫) | গড় নির্মাণ ব্যয় (২০১৯-২০২০) |
|---|---|---|---|---|
| ১. | টিনের চৌয়ারী পাকা বেড়া নতুন | ১৭৩.৬০ | ৬০.৭৬ | ২৩৪.৩৬ |
| ২. | একতলা পাকা বিল্ডিং নতুন | ৫৮৯.০০ | ২০৬.১৫ | ৭৯৫.১৫ |
| ৩. | দ্বিতল পাকা বিল্ডিং নতুন | ১,০৯২.৪৪ | ৩৮২.৩৫ | ১,৪৭৪.৭৭ |
| ৪. | ৩য় তলা পাকা বিল্ডিং নতুন | ১,৬৩৮.০৪ | ৫৭৩.৩১ | ২,২১১.৩৫ |
| ৫. | ৪র্থ তলা পাকা বিল্ডিং নতুন | ২,২৪০.৬৮ | ৭৮৪.২৪ | ৩,০২৪.৯২ |
| ৬. | ৫ম তলা পাকা বিল্ডিং নতুন | ২,৮৮০.৫২ | ১,০০৮.১৮ | ৩,৮৮৮.৭০ |
| ৭. | ৬ষ্ঠ তলা পাকা বিল্ডিং নতুন | ৩,৫৭৪.৯২ | ১,২৫১.২২ | ৪,৮২৬.১৪ |
| ৮. | ৭ম তলা পাকা বিল্ডিং নতুন | ৪,২৬৯.৩২ | ১,৪৯৪.২৬ | ৫,৭৬৩.৫৮ |
| ৯. | ৮ম তলা পাকা বিল্ডিং নতুন | ৪,৯৬৩.৩২ | ১,৭৩৭.১৬ | ৬,৭০০.৪৮ |
| ১০. | ৯ম তলা পাকা বিল্ডিং নতুন | ৫,৬৫৮.১২ | ১,৯৮০.৩৪ | ৭,৬৩৮.৪৬ |
| ১১. | ১০ম তলা পাকা বিল্ডিং নতুন | ৬,৩৫২.৫২ | ২,২২৩.৩৮ | ৮,৫৭৫.৯০ |
| ১২. | ১১ তম তলা পাকা বিল্ডিং নতুন | ৭,০৪৬.৯২ | ২,৪৬৬.৪২ | ৯,৫১৩.৩৪ |
| ১৩. | ১২ তম তলা পাকা বিল্ডিং নতুন | ৭,৭৪১.৩২ | ২,৭০৯.৪৬ | ১০,৪৫০.৭৮ |
| ১৪. | ১৩ তম তলা পাকা বিল্ডিং নতুন | ৮,৪৩৫.৭২ | ২,৯৫২.৫০ | ১১,৩৮৮.২২ |
| ১৫. | ১৪ তম তলা পাকা বিল্ডিং নতুন | ৯,১৩০.১২ | ৩,১৯৫.৫৪ | ১২,৩২৫.৬৬ |
| ১৬. | ১৫ তম তলা পাকা বিল্ডিং নতুন | ৯,৮২৪.৫২ | ৩,৪৩৮.৫৮ | ১৩,২৬৩.১০ |
| ১৭. | ১৬ তম তলা পাকা বিল্ডিং নতুন | ১০,৫১৮.৯২ | ৩,৬৮১.৬২ | ১৪,২০০.৫৪ |
| ১৮. | ১৭ তম তলা পাকা বিল্ডিং নতুন | ১১,২১৩.৩২ | ৩,৯২৪.৪৬ | ১৫,১৩৭.৯৮ |
| ১৯. | ১৮ তম তলা পাকা বিল্ডিং নতুন | ১১,৯০৭.৭২ | ৪,১৬৭.৭০ | ১৬,০৭৫.৪২ |
| ২০. | ১৯ তম তলা পাকা বিল্ডিং নতুন | ১২,৬০২.১২ | ৪,৪১০.৭৪ | ১৭,০১২.৮৬ |
| ২১. | ২০ তম তলা পাকা বিল্ডিং নতুন | ১৩,২৯৬.৫২ | ৪,৬৫৩.৭৮ | ১৭,৯৫০.৩০ |

# অনলাইনে হোল্ডিং ট্যাক্স পরিশোধের প্রক্রিয়া

**bKash Limited**
4 Jul 2022 ·

রংপুর শহরবাসীর জন্য বিকাশ নিয়ে এলো দারুণ সেবা! এখন খুব সহজেই রংপুর সিটি কর্পোরেশন-এর হোল্ডিং ট্যাক্স দিন বিকাশ অ্যাপের পে-বিল থেকে, মুহূর্তেই!

> বিকাশ অ্যাপ-এ লগ ইন করে পে বিল-এ যান
> সরকারী ফি ট্যাপ করে রংপুর সিটি কর্পোরেশন সিলেক্ট করুন
> হোল্ডিং ট্যাক্স নাম্বার দিলে টাকার পরিমাণ অটোমেটিক চলে আসবে
> তারপর পিন দিয়ে বিল বিকাশ করুন
> বিল দেয়া হলে পেয়ে যাবেন কনফার্মেশন এসএমএস ও ডিজিটাল রিসিট।

সিম্পল!

#বিকাশ #bKash

